

🔳 আল-ইনশিকাক | Al-Inshiqaq | ٱلْإِنْشِقَاق

আয়াতঃ ৮৪:৮

আরবি মূল আয়াত:

فَسُوفَ يُحَاسَبُ حِسَابًا يَّسِيرًا ﴿٨﴾

অত্যন্ত সহজভাবেই তার হিসাব-নিকাশ করা হবে। — আল-বায়ান

তার হিসাব সহজভাবেই নেয়া হবে। — তাইসিরুল

তার হিসাব-নিকাশতো সহজভাবে গৃহীত হবে, — মুজিবুর রহমান

He will be judged with an easy account — Sahih International

৮. তার হিসেব-নিকেশ সহজেই নেয়া হবে।(১)

(১) এতে মুমিনদের অবস্থা বর্গনা করা হয়েছে যে, তাদের আমলনামা ডান হাতে আসবে। এবং তাদের সহজ হিসাব নিয়ে জান্নাতের সুসংবাদ দান করা হবে। তারা তাদের পরিবার-পরিজনের কাছে হাইচিত্তে ফিরে যাবে। তার হিসেব নেয়ার ব্যাপারে কড়াকড়ি করা হবে না। তাকে জিজ্ঞেস করা হবে না, ওমুক ওমুক কাজ তুমি কেন করেছিলে? ঐসব কাজ করার ব্যাপারে তোমার কাছে কি কি ওযর আছে? নেকীর সাথে সাথে গোনাহও তার আমলনামায় অবশ্যি লেখা থাকবে। কিন্তু গোনাহের তুলনায় নেকীর পরিমাণ বেশী হবার কারণে তার অপরাধগুলো উপেক্ষা করা হবে এবং সেগুলো মাফ করে দেয়া হবে। কুরআন মজিদে অসংকর্মশীল লোকদের কঠিন হিসেবানিকেশের জন্য "সু-উল হিসাব" (খারাপভাবে হিসেব নেয়া) শব্দ ব্যবহার করা হয়েছে। [সূরা আর-রা'দ ১৮] সৎ লোকদের সম্পর্কে বলা হয়েছেঃ "এরা এমন লোক যাদের সৎকাজগুলো আমি গ্রহণ করে নেবা এবং অসৎকাজগুলো মাফ করে দেবো।" [সূরা আল-আহকাফঃ ১৬] আয়েশা রাদিয়াল্লাছ আনহা রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেন, কেয়ামতের দিন যার হিসাব নেয়া হবে, সে আযাব থেকে রক্ষা পাবে না। এ কথা শুনে আয়েশা রাদিয়াল্লাছ আনহা প্রশ্ন করলেন, কুরআনে কি শুন্ত মুন্ত মালাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম বললেন, এই আয়াতে যাকে সহজ হিসাব বলা হয়েছে, সেটা প্রকৃতপক্ষে পরিপূর্ণ হিসাব নয়; বরং কেবল আল্লাহ রাব্দুল আলমীনের সামনে পেশ করা। যে ব্যক্তির কাছ থেকে তার কাজকর্নের পুরোপুরি হিসাব নেয়া হবে, সে আযাব থেকে কিছুতেই রক্ষা পাবে না। [বুখারী: ৪৯৩৯, মুসলিম: ২৮৭৬]

তাফসীরে জাকারিয়া



৮। তার হিসাব নেওয়া হবে সহজভাবে। [1]

[1] সহজ হিসাব এই যে, মুমিনের আমল-নামা পেশ করা হবে। তার ভুল-ক্রটিও সামনে উপস্থিত করা হবে। অতঃপর আল্লাহ তাআলা নিজের রহমত এবং অনুগ্রহে তাদেরকে মার্জনা করে দেবেন। আয়েশা (রাঃ) বলেন যে, রসূল (সাঃ) বলেছেন, "যার হিসাব নেওয়া হবে সে ধ্বংস হয়ে যাবে। আমি বললাম, হে আল্লাহর রসূল! আল্লাহ আমাকে আপনার জন্য কুরবান করুন, আল্লাহ তাআলা কি এ কথা বলেননি যে, যার ডান হাতে আমলনামা দেওয়া হবে তার হিসাব সহজ হবে?" (মা আয়েশা রায়য়ল্লাহু আনহার উদ্দেশ্য ছিল য়ে, এই আয়াত অনুপাতে হিসাব তো মুমিনদেরও হবে কিন্তু সে ধ্বংসগ্রস্ত হবে না।) তিনি (সাঃ) স্পষ্টভাবে বুঝিয়ে বললেন য়ে, "পেশ করা হবে মাত্র।" (অর্থাৎ, মুমিনের সাথে হিসাবের ব্যাপার হবে না বরং নামমাত্র পেশ করা হবে।) মুমিনদেরকে আল্লাহর সম্মুখে পেশ করা হবে। কিন্তু যাকে জেরা করা হবে সে ধ্বংস হয়ে যাবে। (সহীহ বুখারী, তাফসীর সূরা ইনশিকাক পরিচ্ছেদ)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5892

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন